

বৃষ্টির মধ্যে শুরু এইচএসসি পরীক্ষা

পরীক্ষার দিন বৃষ্টি হলে সময় বাড়ানো যাবে

নিজস্ব প্রতিবেদক

০১ জুলাই ২০২৪, ১২:০০ এএম



সকাল থেকে শুরু হওয়া বৃষ্টিতে গতকাল দুর্ভোগে পড়ে এইচএসসি পরীক্ষার্থীরা। রাজধানীর রাজারবাগ মোড়ে - আল আমিন লিয়ন

গতকাল শুরু হয় চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষা। প্রথম দিনে ৮টি সাধারণ শিক্ষা বোর্ডে (সিলেট বাদে) বাংলা প্রথমপত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়। গতকাল ৯ লাখ ৩৩ হাজার ৬৮৯ জন পরীক্ষার্থীর মধ্যে অংশ নেয় ৯ লাখ ২৩ হাজার ৭১৯ জন। অনুপস্থিত ছিল ৯ হাজার ৯৭০ জন, যা গত বছরের প্রথম দিনের তুলনায় প্রায় দ্বিগুণ। বন্যার কারণে স্থগিত ছিল সিলেট বোর্ডের পরীক্ষা। গতকাল আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি এবং ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকারের সই করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। অনুপস্থিতির হার বৃদ্ধির জন্য প্রতিকূল আবহাওয়াও দায়ী বলে মনে করেন তিনি।

এদিকে ঢাকাসহ সারাদেশের অনেক জায়গায় বৃষ্টিপাত হয়। এতে ঢাকা, চট্টগ্রামসহ দেশের বিভিন্ন অঞ্চলে পরীক্ষা কেন্দ্রে পৌঁছাতে দুর্ভোগ পড়েনে পরীক্ষার্থীরা। রাজধানীতে অধিকাংশ পরীক্ষার্থী কাকভেজা হয়ে কেন্দ্রে প্রবেশ করেছেন। অনেকে বৃষ্টি ও যানজটের কারণে দেরিতে পরীক্ষাকেন্দ্রে পৌঁছেছেন। ভেজা শরীরে পরীক্ষায় অংশ নেওয়া শিক্ষার্থীরা অসুস্থ হয়ে পড়তে পারেন বলে উদ্বেগ জানিয়েছেন অভিভাবকরা।

বৃষ্টির কারণে পরীক্ষায় অনুপস্থিতি বেড়েছে কিনা, এমন প্রশ্নের জবাবে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি অধ্যাপক তপন কুমার বলেন, গত বছরের চেয়ে এবার অনুপস্থিতি কিছুটা বেশি। সে ক্ষেত্রে প্রতিকূল আবহাওয়া একটি কারণ হতে পারে। আবার এবার পরীক্ষার্থীর সংখ্যাও কিছু বেশি। তিনি বলেন, দুর্ভোগপূর্ণ আবহাওয়ার কারণে কোনো পরীক্ষার্থী দেরিতে কেন্দ্রে আসলে, তাকে সময়

সমন্বয় করে দেওয়ার নির্দেশনা দিয়েছি।

বন্যার মতো প্রাকৃতিক দুর্ভোগ এড়িয়ে আগামী বছর এইচএসসি ও সমমান পরীক্ষা এপ্রিলে নেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। তিনি বলেন, ২০২৬ সালের এইচএসসি পরীক্ষা কীভাবে কম সময়ের মধ্যে নেওয়া যায় তা নিয়ে কাজ করছি। নতুন শিক্ষাক্রমে এসএসসি ও সমমান পরীক্ষা ২০২৬ সালের জানুয়ারিতে নেওয়ার লক্ষ্য রয়েছে। গতকাল বিকালে রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এইচএসসি ও সমমানের পরীক্ষা শেষে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান।

আন্তঃশিক্ষা বোর্ডের তথ্যানুযায়ী প্রথম দিনে সবচেয়ে বেশি দুই হাজার ৬০১ জন শিক্ষার্থী অনুপস্থিত ছিল ঢাকা বোর্ডে। এ ছাড়া রাজশাহী বোর্ডে এক হাজার ৫০৮ জন, কুমিল্লায় এক হাজার ১৫৬ জন, যশোরে এক হাজার ৩২৮ জন, দিনাজপুরে এক হাজার ১৩ জন, চট্টগ্রামে ৯৭৫ জন, বরিশালে ৭২৭ জন ও ময়মনসিংহে ৬৬২ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। অন্যদিকে ৮টি বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষায় সারাদেশে ২০ জন পরীক্ষার্থী ও একজন কক্ষ পরিদর্শককে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়।